দৈনিক
ইত্তেফাক

তারিখ 15 NOV 2006
পৃষ্ঠা ৩ কলাম ৫

# রাজনৈতিক অস্থিতিশীলতায় শিক্ষা ব্যবস্থা হুমকির সম্মুখীন

মিজানুর রহমান

রাজনৈতিক অস্থিতিশীলতার কারণে দেশের শিক্ষা ব্যবস্থা হুমকির সম্মুখিন। তত্ত্বাবধায়ক সরকারের কাছে জোট সরকারের ক্ষমতা হস্তান্তরের পর থেকে রাজনৈতিক সহিংসা দেশব্যাপী ছড়িয়ে পড়ে। এর বড় প্রভাব পড়ে শিক্ষা প্রতিষ্ঠানগুলোর উপর।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলগুলোতে শিক্ষার্থীদের উপস্থিতি অনেক কম। ঈদুল ফিতরের ছুটিতে বাড়ি যাওয়ার পর অধিকাংশ শিক্ষার্থী হলে ফিরে আসেনি। হলে অবস্থানরত অনেক শিক্ষার্থী আবার ভয়ে ত্যাগ করছে। রাজনৈতিক স্থিতিশীলতা ফিরে না আসা পর্যন্ত বাড়ি অবস্থান করবে তারা। ঈদের ছুটি এবং ১৪ দলের প্রথম দফা অবরে পর গত শনিবার বিশ্ববিদ্যালয় খুলেছে। একদিন ক্লাস হওয়ার পর র থেকে আবার ১৪ দলের লাগাতার অবরোধ শুরু হয়েছে। এ কারণে বিশ্ববিদ্যালয় কার্যত অচল হয়ে পড়েছে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ রাজনৈ এ অবস্থার কারণে ১৮ নভেম্বর পর্যন্ত সকল (১৩শ পৃঃ ১-এর কঃ

## রাজনৈতিক অস্থিতিশীলতা

(তৃতীয় পৃঃ পর)

পরীক্ষা স্থগিত করেছে। অন্যান্য পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়সহ সকল শিক্ষা প্রতিষ্ঠানেই এ অচল অবস্থা বিরাজ করছে। এ কারণে সেশনজটসহ নানাবিধ সমস্যার সম্মুখিন শিক্ষার্থীরা। গত ৪ নভেম্বর থেকে ইডেন মহিলা কলেজ বিশ্ববিদ্যালয়ে ক্লাস শুরু হলেও শিক্ষার্থীদের উপস্থিতি কম। বিজ্ঞান শাখার শিক্ষার্থীদের বিভিন্ন গবেষণামূলক ক্লাস থাকায় এ শাখার ছাত্রীদের অনেকেই ক্লাস করতে এসেছিল। কিন্তু আবার অবরোধ শুরু হওয়ায় বিপাকে পড়েছে ছাত্রীরা। যানবাহন চলাচল বন্ধ থাকায় বাড়ি যেতে পারছে না তারা। রাজধানী ঢাকা এবং অন্যান্য বিভাগের স্কুল-কলেজের শিক্ষকরা নির্দিষ্ট সময়ের আগেই পরীক্ষা নেয়ার চিন্তাভাবনা করছেন।